# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২২৫

১/ বিবিধ

আরবী

من غسل ميتا فأدى فيه الأمانة - يعني ستر ما يكون منه عند ذلك - كان من ذنوبه كيوم ولدته أمه. قال: ليله من كان أعلم، فإن كان لا يعلم فرجل ممن ترون أن عنده ورعا وأمانة

ضعيف جدا

رواه البيهقي (3/396) والطبراني في " الأوسط " (3718 - بترقيمي " وابن عدي (164/1 - 2) عن سلام بن أبي مطيع عن جابر الجعفي عن الشعبي عن يحيى الجزار عن

عائشة مرفوعا. وقالا: " لا يروى عن عائشة إلا بهذا الإسناد تفرد به سلام ". قال ابن عدي: وهو عندي لا بأس به وبرواياته

قلت: لكن جابر الجعفي متروك، وبه أعله عبد الحق الإشبيلي في " أحكامه " (رقم 1900 بتحقيقي)

বাংলা

১২২৫। যে ব্যক্তি কোন মৃত ব্যক্তিকে গোসল করাবে অতঃপর তার ব্যাপারে আমানাত আদায় (দায়িত্ব পালন) করবে (অর্থাৎ সে সময় তার পক্ষ থেকে তাকে ঢেকে ফেলার যে আমানাত ছিল তা পালন করবে, তার গুনাহগুলো সেই দিনের ন্যায় হয়ে যাবে যে দিন তাকে তার মা প্রসব করেছিল (অর্থাৎ তার কোনই গুনাহ্ থাকবে না)। তিনি বলেনঃ তার দায়িত্ব গ্রহণ করবে সেই ব্যক্তি যে বেশী জ্ঞানী। যদি কোন জ্ঞানী ব্যক্তি না থাকে তাহলে সেই ব্যক্তি দায়িত্ব পালন করবে যার মধ্যে তোমরা পরহেজগারিতা ও আমানাত দেখতে পাবে।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি বাইহাকী (৩/৩৯৬), ত্ববারানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে (৩৭১৮) ও ইবনু আদী (১৬৪/১-২) সালাম ইবনু আবী মুতী হতে, তিনি জাবের আল-জুফী হতে, তিনি শা’বী হতে, তিনি ইয়াহইয়া জাযযার হতে, তিনি আয়েশা (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

তারা উভয়ে বলেছেনঃ আয়েশা (রাঃ) হতে হাদীসটি একমাত্র এ সনদেই বর্ণনা করা হয়ে থাকে, সালাম এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ আমার নিকট তার (সালামের) ও তার বর্ণনার ব্যাপারে কোন সমস্যা নেই।

আমি (আলবানী) বলছিঃ জাবের আল-জুফী মাতরূক। আব্দুল হকু ইশবীলী তার "আহকাম" গ্রন্থে (১৯০০) তার দ্বারাই হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72104

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন